



## গাজীপুর বিআইটি

### প্রশাসনিক ভবনে বিক্ষুব্ধ ছাত্ররা তালা লাগিয়ে দিয়েছে

গাজীপুর থেকে নিম্ন স্ববাদদাতা : গাজীপুরের বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বিআইটি), ঢাকার যন্ত্রকৌশল বিভাগের শেষবর্ষের চূড়ান্ত পরীক্ষায় অকৃতকার্য ৯ জন ছাত্রকে পরীক্ষায় উত্তীর্ণ করার দাবিতে প্রশাসনিক ভবনে তালা লাগিয়ে দেয়ার দ্বিতীয় দিনের মতো সোমবার বিআইটিতে কোন ক্লাস হয়নি। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করায় কর্তৃপক্ষ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করার জন্য স্থানীয় পুলিশ প্রশাসনের কাছে অনুরোধ করেছেন বলে জানা গেছে।

শনিবার প্রকাশিত বিআইটি, ঢাকার যন্ত্রকৌশল বিভাগের শেষবর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফলে মোট ৯ ছাত্র অকৃতকার্য ঘোষিত হয়। এদের মধ্যে ইনস্টিটিউটের ছাত্রদের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকও রয়েছে বলে জানা গেছে। আগামী বছর থেকে নতুন পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে বলে

অকৃতকার্য এ ৯ ছাত্রকে পরীক্ষায় উত্তীর্ণ করিয়ে দেয়ার দাবিতে ছাত্ররা পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষকদের সঙ্গে দেখা করে। পরে রোববার সকালে বিক্ষুব্ধ ছাত্ররা প্রশাসনিক ভবনে তালা লাগিয়ে দেয়। ফলে ইনস্টিটিউটে রোববার এবং সোমবার কোন ক্লাস হয়নি। বিক্ষুব্ধ ছাত্ররা শিক্ষকদের গালাগাল ও তাদের বাসায় ইট-পাটকেল নিক্ষেপ করলে সোমবার অনুষ্ঠিত ইনস্টিটিউটের শিক্ষক পরিষদের সভায় দোষী ছাত্রদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়।